**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 16-03-2026** **Desk in Charge: SDG**

**Time: 7-50 PM** **Compiling: DSS**

**DEO: KB** **NRT: DSS**

বিশেষ বিশেষ খবর –

১/পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে, রাজ্যের প্রত্যেকটি থানাকে তাদের আওতাধীন এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ১৯শে মার্চের মধ্যে রিপোর্ট তলব, নির্বাচন কমিশনের।

২/ নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী দুষ্মন্ত নারিয়ালা রাজ্যের নতুন মুখ্য সচিব এবং সংঘমিত্রা ঘোষ স্বরাষ্ট্র সচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

৩/ ভোটের দিনক্ষণ ঘোষণার সঙ্গেসঙ্গেই রাজনৈতিক দলগুলি, তাদের প্রার্থীপদ ঘোষণা শুরু করেছে। # প্রথম দফায় বিজেপি- ১৪৪ এবং বামফ্রন্ট ১৯২ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে।

৪/ কবি প্রসূন বন্দ্যোপাধ্যায়, ‘শ্রেষ্ঠ কবিতা’ বইটির জন্য ২০২৫ সালের সাহিত্য একাডেমি পুরস্কার পাচ্ছেন।

৫/ শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের ২১৫ তম আবির্ভাব দিবস উপলক্ষ্যে মতুয়া মহাধর্ম মেলা বা বারুণী মেলা উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে আজ শুরু হয়েছে।

৬/ নিম্নচাপ অক্ষরেখা ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকা কারণে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আজও বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

*******************************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে নির্বাচন কমিশন এবার এক  অভূতপূর্ব সিদ্ধান্ত নিয়েছে। রাজ্যের প্রতিটি থানাকে আগামী বৃহস্পতিবার ১৯ শে মার্চের  মধ্যে নিজেদের এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত রিপোর্ট দিতে বলা হয়েছে। এলাকাভিত্তিক অস্ত্রের মজুত, চিহ্নিত সমাজবিরোধী এবং অপরাধ সংক্রান্ত তথ্য ওই রিপোর্টে জানাতে হবে। কমিশনের নির্দেশ, প্রতিটি থানার ভারপ্রাপ্ত আধিকারিককে নিশ্চিত করতে হবে যে সংশ্লিষ্ট এলাকা অপরাধমুক্ত,  তা না হলে তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন থানা এলাকা অপরাধমুক্ত করতে আধা সামরিক বাহিনী সহ সমস্ত সহায়তা দেবে কমিশন। তার পরেও  ওই এলাকায় ভোটে অশান্তির ঘটনা ঘটলে,  সংশ্লিষ্ট থানার দায়িত্বপ্রাপ্ত আধিকারিক এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

কমিশন স্পষ্ট  জানিয়েছে, কেন্দ্রীয় বাহিনীর কোনও অপব্যবহার বরদাস্ত করা হবে না। তারা আইন অনুযায়ী কাজ করবে। বুথে কোনও গোলমাল হলে পরিস্থিতি সামাল দেওয়ার দায়িত্ব থাকবে কেন্দ্রীয় বাহিনীর উপরই। তাদের তরফে গাফিলতির কোন অভিযোগ প্রমাণিত হলে শাস্তি মূলক ব্যবস্থার  মুখে পড়তে হবে।

************************

এদিকে কমিশনের তরফে ভোটে নজরদারি  আরও কড়া করতে একগুচ্ছ পদক্ষেপের কথা জানানো হয়েছে ।  মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন, এবার ভোটে প্রযুক্তি নির্ভর পর্যবেক্ষণের উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। একশ শতাংশ  বুথে ওয়েব কাস্টিং বাধ্যতামূলক করা হচ্ছে। কোথাও ওয়েব কাস্টিং না হলে সেই বুথে  পুনঃনির্বাচনের সম্ভাবনাও খতিয়ে দেখা হবে।

রাজ্যের নির্বাচনী ইতিহাসে এই  প্রথম ড্রোনের সাহায্যেও নজরদারি চালানো হবে। বড় সমাবেশ বা স্পর্শকাতর এলাকায় এই ড্রোন মনিটরিং ব্যবস্থার সাহায্যে পরিস্থিতি পর্যবেক্ষণ করা হবে। কমিশন সূত্রে খবর, ভোটকে ঘিরে এখনও পর্যন্ত প্রায় ১১২ কোটি

টাকার অবৈধ নগদ ও অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। কালো টাকা উদ্ধারের নিরিখে ইতিমধ্যেই ৫৫টি বিধানসভা কেন্দ্রকে সংকট প্রবন বলে চিহ্নিত করা হয়েছে।

নির্বাচনের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য সিইও দফতরে রাজ্য স্তরের একটি কন্ট্রোল সেন্টার তৈরি করা হয়েছে। পাশাপাশি প্রথমবার গঠন করা হয়েছে 'অবজারভার সেল'। এই সেলের দায়িত্বে থাকবেন আইএএস অফিসাররা।

***********************

রাজ্যে ২০২১-এর বিধানসভা এবং ২০২৪-এ লোকসভা নির্বাচনে যেসব জায়গায় হিংসাত্মক ঘটনা ঘটে, সেই সব থানা এলাকার দায়িত্বে থাকা পুলিশ আধিকারিকদের তালিকা চেয়ে পাঠিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। রাজ্য পুলিশের এডিজি লিগাল এবং পুলিশের নোডাল অফিসারকে পাঠানো চিঠিতে আজ সন্ধের মধ্যে এই রিপোর্ট জমা দিতে বলা হয়।

উল্লেখ্য, ২০২১-এর বিধানসভা নির্বাচনের আগে ও পরে এবং ২০২৪-এর লোকসভা ভোটের দিন, তার আগে ও পরে অশান্তির ঘটনায় সংশ্লিষ্ট থানার দায়িত্বে থাকা পুলিশ আধিকারিকদের তথ্য চেয়েছে CEO দফতর।

এদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টচার্য নির্বাচনে হিংসার ঘটনা নিয়ে কমিশনের পদক্ষেপ সদর্থ্যক বলে মন্তব্য করেছেন।

(বাইট – শমিক)

***********************

রাজ্যে অবাধ ও সুষ্ঠু নির্বাচনের স্বার্থে প্রয়োজনে জেলাশাসক, জেলা পুলিশ সুপার, ওসি, এবং আইসিদেরও বদলী করা উচিত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

দিল্লি রওনা হওয়ার আগে আজ বিমানবন্দরে তিনি সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রী যে সকল আধিকারিকদের গুরুত্বপুর্ণ পদে বসিয়েছেন, তাদের দিয়ে সুষ্ঠু ভোট করানো যায়

না। মমতা ব্যানার্জি যে যোগ্য অফিসারদের আলাদা করে রেখেছিলেন, তাদের কাজে লাগানোর দায়িত্ব নির্বাচন কমিশনের বলেও উল্লেখ করেন শুভেন্দু।

( বাইট—শুভেন্দু /চেঞ্জ ৭-৫০ )

************************

নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী দুষ্মন্ত নারিয়ালা রাজ্যের নতুন মুখ্য সচিব এবং সংঘমিত্রা ঘোষ স্বরাষ্ট্র সচিব হিসেবে  দায়িত্ব গ্রহণ করেছেন।

কমিশন, ডিজি পদ থেকে পীযূষ পান্ডেকে সরিয়ে দেওয়ার পর, রাজ্য সরকার তাঁকে নিরাপত্তা অধিকর্তা পদে বহাল করেছে। নিরাপত্তা অধিকর্তা মনোজ ভার্মাকে করা হয়েছে, অতিরিক্ত নিরাপত্তা অধিকর্তা।

অন্যদিকে, কলকাতা পুলিশ কমিশনার সুপ্রতীম সরকারকে ADG IB-র অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। ADG IB লক্ষী নারায়ণ মিনাকে দায়িত্ব দেওয়া হয়েছে, ADG কারেকশনাল সার্ভিসের। এছাড়া, ডিজি আইন শৃঙ্খলা বিনীত গোয়েলকে ডিজি আইবি করা হয়েছে। সেইসঙ্গে তাঁকে দুর্নীতি দমন শাখার ডিজির অতিরিক্ত দায়িত্ব'ও দেওয়া হয়েছে। স্বরাষ্ট্র দপ্তর থেকে আজ এই মর্মে এক নির্দেশিকা প্রকাশ করা হয়।

উল্লেখ্য,  নির্বাচন কমিশন রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহা নির্দেশক পদ থেকে পীযুষ পান্ডে এবং কলকাতা পুলিশ কমিশনারের পদ থেকে সুপ্রতিম সরকার সহ চার পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে। মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী ও স্বরাষ্ট্র সচিব জগিদীশ প্রসাদ মীনাকেও পদ থেকে সরিয়ে দেওয়া হয়।

************************

বিজেপি,  শাসক দল ঘনিষ্ঠ প্রশাসনিক আধিকারিকদের নির্বাচনী প্রক্রিয়া থেকে দূরে রাখার দাবি জানিয়েছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানিয়েছেন,নির্বাচন কমিশন কোন আধিকারিককে দায়িত্বে রাখবেন অথবা কাকে সরিয়ে দেবেন সেটা পুরোপুরি কমিশনের সিদ্ধান্ত।

তবে একতরফাভাবে নির্বাচন পরিচালনা করা যাবে না, প্রশাসনের একাংশ যারা ২০১১ সাল থেকে প্রায় দেড় দশক ধরে শাসক দলের প্রথম শ্রেণীর কর্মী,  তাদের দায়িত্বে রাখা

যাবেনা এবং নির্বাচনের প্রাক্কালে, নির্বাচনের সময় ও নির্বাচন পরবর্তী সময়ে কোন ধরনের সন্ত্রাস,অত্যাচার যাতে বরদাস্ত করা যাবে না বলেও শ্রী সরকার দাবি জানান।

***********************

বিধানসভা নির্বাচনে বিজেপি, প্রথম দফায় ১৪৪ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানান, কেন্দ্রীয় নেতৃত্বের সিদ্ধান্তে এই প্রার্থী তালিকা তৈরি হয়েছে।

( বাইট- দেবজিত )

উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগেরবারের বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম ছাড়াও এবার ভবানীপুর আসন থেকে'ও প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ খড়গপুর সদর ও স্বপন দাশগুপ্ত রাসবিহারী কেন্দ্র থেকে প্রার্থী হয়েছেন।

*********************

বামফ্রন্ট, রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য আজ প্রথম দফায় ১৯২ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে এই তালিকা ঘোষণা করে বলেন, নির্বাচনে শরিক দলগুলি ছাড়াও, CPIM (ML) লিবারেশন, ISF এবং বেশ কিছু নির্দল প্রার্থীও ফ্রন্টের সহযোগী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

( বাইট- বিমান বসু )

উল্লেখযোগ্য প্রার্থীরা হলেন, যাদবপুর কেন্দ্রে বিকাশরঞ্জন ভট্টাচার্য, উত্তরপাড়ায় মীনাক্ষী মুখোপাধ্যায়, শিলিগুড়িতে প্রাক্তন মেয়র পারিষদ শরদিন্দু চক্রবর্তী, দমদম উত্তরে দীপ্সিতা ধর, কামারহাটিতে মানস মুখার্জী, বরানগরে সায়নদ্বীপ মিত্র, কসবায় দীপু দাস, মহেশতলায় সায়ন ব্যানার্জি প্রমুখ।

*********************

২০২৫ সালের সাহিত্য একাডেমি পুরস্কার আজ ঘোষণা করা হয়েছে।

২৪ টি ভারতীয় ভাষায় এই পুরস্কার প্রাপকদের মধ্যে রয়েছেন, এরাজ্যের কবি প্রসূন বন্দ্যোপাধ্যায়। তাঁর 'শ্রেষ্ঠ কবিতা' বইটির জন্য তিনি এই পুরস্কার পাচ্ছেন।

আগামী ৩১শে মার্চ নতুন দিল্লিতে এক অনুষ্ঠানে পুরস্কার বাবদ নগদ ১ লক্ষ টাকা ও একটি তাম্রপত্র তুলে দেওয়া হবে।

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক জানিয়েছে, এ বছর আটটি কবিতার বই, চারটি উপন্যাস, ছটি ছোট গল্প, এবং দুটি প্রবন্ধর রচয়িতা, সাহিত্য অ্যাকাডেমি পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন।

*********************

শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের ২১৫ তম আবির্ভাব দিবস উপলক্ষ্যে মতুয়া মহাধর্ম মেলা বা বারুণী মেলা উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে আজ শুরু হয়েছে। ঐতিহ্যবাহী এই মেলার শুরুতে আজ শান্তির বার্তা দিয়েছেন অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের সংঘাধিপতি, বনগাঁ লোকসভার সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর।

উল্লেখ্য, আজ মধুকৃষ্ণ ত্রয়োদশী তিথিতে ঠাকুরনগর ঠাকুরবাড়ি প্রাঙ্গণে ৭ টা ৫৯ মিনিটে পুণ্যস্নান শুরু হয়েছে। আগামীকাল সকাল ৮ টা পর্যন্ত এই স্নান মহোৎসব চলবে।

*********************

বাতাসের গতিপ্রকৃতি এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আগামী ২৪ ঘণ্টায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন-

( বাইট- হাবিবুর )

*****************************************************************